তারিখ 06 NOV 2016
পৃষ্ঠা ৭ কলাম ৬

সমকাল

## পলাশে শিক্ষাবৃত্তি প্রদান

■ পলাশ (নরসিংদী) সংবাদদাতা

২০১৬ সালে এসএসসি ও দাখিল পরীক্ষায় জিপিএ ৫ প্রাপ্ত ২১৬ মেধাবী ছাত্রছাত্রীর মাঝে শিক্ষাবৃত্তি বিতরণ করেছে পলাশ উপজেলা পরিষদ। শনিবার মাল্টিপারপাস অডিটরিয়ামে উপজেলা নির্বাহী কর্মকর্তা মাহমুদা আক্তারের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ছাত্রছাত্রীদের মধ্যে শিক্ষাবৃত্তি তুলে দেন নরসিংদী-২ আসনের সংসদ সদস্য আলহাজ কামরুল আশরাফ খান পোটন। এ সময় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন পলাশ উপজেলা চেয়ারম্যান সৈয়দ জাবেদ হোসেন, ঘোড়াশাল পৌর মেয়র আলহাজ মো. শরীফুল হক শরীফ, সহকারী কমিশনার (ভূমি) অমিত দেবনাথ, মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কেএম আলমগীর খান প্রমুখ।